



Bangladeshi Americans for Political Action

Platform to promote Bangladeshi American political participation and representation at local, state & national level

বিশেষ প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশী আমেরিকানস ফর পলিটিক্যাল অ্যাকশন (বাপা)

বাংলাদেশী আমেরিকানস ফর পলিটিক্যাল অ্যাকশন (বাপা) একটি নবগঠিত প্লাটফর্ম, যার মূল উদ্দেশ্য হলো বাংলাদেশী-আমেরিকান জনগোষ্ঠীর সামাজিক এবং রাজনৈতিক সচেতনতা গড়ে তোলা, সক্রিয়ভাবে উত্তর আমেরিকার স্থানীয়, রাষ্ট্রীয় এবং জাতীয় পর্যায়ের মূলধারার রাজনৈতিক অঙ্গনে অংশগ্রহণ ও ভূমিকা রাখার জন্য তরুণ প্রজন্ম সহ সকল নেতৃত্বকে অনুপ্রাণিত করা এবং মূলধারার রাজনৈতিক অঙ্গনে তাদের অংশগ্রহণ এবং নিজেদের প্রতিষ্ঠা করার লক্ষ্যে যথাসাধ্য সার্বিক সহযোগিতা প্রদান করা। বিশেষভাবে উল্লেখ্য- বাপা একটি ধর্মনিরপেক্ষ এবং ধর্ম, বর্ণ, লিঙ্গ নির্বিশেষে অ-বৈষম্যমূলক, অসাম্প্রদায়িক নিরপেক্ষ একটি সংগঠন। তাই সকল বাংলাদেশী আমেরিকানদের প্রতি আমাদের বিনীত অনুরোধ, আপনারা সবাই সহযোগিতার হাত বাড়িয়ে এগিয়ে আসুন এই মহতী উদ্যোগে অংশগ্রহণ করে এই প্রয়াসকে সাফল্যমন্ডিত করার জন্য। আপনাদের সহযোগিতাই হবে আমাদের চালিকা শক্তি এবং মূলধারায় আমাদের নেতৃত্বের অংশগ্রহণের প্রধান সোপান, আপনিও হউন আগামীর গৌরবান্বিত ইতিহাসের অংশীদার!

আমাদের এই প্রয়াসের প্রথম পদক্ষেপ হিসেবে আমরা নভেম্বর মাসের জাতীয় নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতায় অংশগ্রহণকারী আমাদের দুই নারী নেতৃত্বকে (Donna Imam- US Congress (D), Texas, 31st District and Dr Nina Ahmed, Auditor General (D), Pennsylvania) সার্বিক সহযোগিতা করার জন্য এগিয়ে এসেছি এবং আগামী ১৫ই আগস্ট, ২০২০, শনিবার সন্ধ্যা ৬.০০ ঘটিকায় (ইস্টার্ন টাইম) মূলধারার এই প্রতিনিধিদের নিয়ে একটি গুরুত্বপূর্ণ টাউনহল সভার আয়োজন করা হয়েছে। মূল উদ্দেশ্য- প্রতিনিধিত্বকারী এই দুই মূলধারার নেতৃত্বের সাথে আপনাদের পরিচয় করিয়ে দেয়া, তাদের সুযোগ্য নেতৃত্ব সম্পর্কে আপনাদের জানার সুযোগ সৃষ্টি করে দেয়া এবং তাদের সাফল্যে আপনাদের সহযোগিতা কামনা করা। টাউনহল সভায় যোগদান করার জন্য ফ্রি রেজিস্ট্রেশন লিংকটি নিম্নে প্রদান করা হলো, আপনারা সবাই রেজিস্ট্রেশন করে এই গুরুত্বপূর্ণ ভার্চুয়াল সভায় (জুম মিটিং) যোগদান করে তাদের উৎসাহিত করুন ইতিহাসের অংশীদার হবার জন্য। আপনাদের সবার অংশগ্রহণ ও সহযোগিতার প্রতীক্ষায় রইলাম।

[“BAPA Townhall Meeting for Dr Nina Ahmed and Donna Imam”-](#)

[FREE Registration Link:](#)

<https://bapanow.com/town-hall-registration>

বিনীত নিবেদন,

বাংলাদেশী আমেরিকানস ফর পলিটিক্যাল অ্যাকশন

বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন:

ইমেইল: info@BAPANow.com

ওয়েবসাইট: <https://bapanow.com>, <https://www.facebook.com/BAPANow>